

সরকারি ও বেসরকারি স্কুলে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ

অনলাইন ডেক্স

১৫ নভেম্বর ২০২৫, ০৮:৪৬ এএম



ঢাকা মহানগরীসহ সারাদেশের সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৬ শিক্ষাবর্ষে ১ম থেকে ৯ম শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল শুক্রবার (১৪ নভেম্বর) মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ‘সরকারি ও বেসরকারি বিদ্যালয়সমূহে ভর্তি’ ওয়েবসাইটে পৃথক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে অনলাইন আবেদন শুরু হবে আগামী ২১ নভেম্বর সকাল ১১টায় এবং চলবে ৫ ডিসেম্বর বিকাল ৫টা পর্যন্ত। আবেদন করা যাবে gsa.teletalk.com.bd-এ। আবেদন ফি ১০০ টাকা, যা শুধুমাত্র টেলিটক প্রি-পেইড নম্বর থেকে এসএমএসের মাধ্যমে পরিশোধ করতে হবে।

আবেদনকারীরা থানাভিত্তিক তালিকা থেকে সর্বোচ্চ পাঁচটি বিদ্যালয় পছন্দক্রমে বাছাই করতে পারবেন। তবে কোনও ডাবল-শিফট বিদ্যালয়ের দুই শিফট বেছে নিলে তা দুই পছন্দ হিসেবে গণ্য হবে। একই বিদ্যালয় বা শিফট পুনরায় নির্বাচন করা যাবে না। সরকারি বিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে কেন্দ্রীয়ভাবে আয়োজিত ডিজিটাল লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করা হবে; কোনো পরীক্ষা নেয়া হবে না।

জাতীয় শিক্ষানীতি-২০১০ অনুযায়ী ১ম শ্রেণিতে ভর্তির জন্য বয়সসীমা নির্ধারণ করা হয়েছে ৬+। ১ জানুয়ারিতে ন্যূনতম বয়স ৫ বছর এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ৭ বছর হতে হবে। বয়স যাচাইয়ের জন্য অনলাইন জন্মনির্বাচনের সত্যায়িত কপি দাখিল করতে হবে। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীরা সর্বোচ্চ পাঁচ বছরের অতিরিক্ত সুবিধা পাবেন।

সরকারি বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের ভর্তি-উপযুক্ত সন্তানের জন্য নিজ বিদ্যালয়ে সমসংখ্যক অতিরিক্ত আসন সংরক্ষণ করা হবে। সংশ্লিষ্ট বিদ্যালয়ে প্রয়োজনীয় শ্রেণি না থাকলে নিকটবর্তী উপযোগী প্রতিষ্ঠানে সুযোগ মিলবে। তাদের অনলাইনে আবেদন করতে হবে না; ভর্তির সময় ও স্থান পরে জানানো হবে।

বেসরকারি স্কুল, স্কুল অ্যান্ড কলেজ (মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক)-এও একই সময়সীমায় অনলাইন আবেদন গ্রহণ করা হবে। ঢাকা মহানগরী, বিভাগীয় শহর, জেলার সদর উপজেলা এবং অন্যান্য উপজেলার উপজেলা সদরের বেসরকারি সব প্রতিষ্ঠানে আবেদন করতে হবে একই ওয়েবসাইট ব্যবহার করে।

বেসরকারি প্রতিষ্ঠানের আবেদন ও বয়সসীমা সরকারি বিদ্যালয়ের মতোই থাকবে। তবে এসব প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মচারী ও ম্যানেজিং কমিটির সদস্যদের সন্তানরা সাধারণ নিয়মে আবেদন করতে পারবে। কোনও পোষ্য বা স্বজনের জন্য আলাদা কোটার ব্যবস্থা নেই।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, বেসরকারি বিদ্যালয়ের ফলাফল প্রকাশ, লটারি এবং ভর্তি-সংক্রান্ত পরবর্তী সময়সূচি পরে জানানো হবে।

আবেদন করতে এখানে ক্লিক করুন